রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৪৩৬-আইন/২০২৫।**—যেহেতু বিচার বিভাগীয় পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয়ে পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে রাষ্ট্রপতিকে ক্ষমতা প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপিলে প্রদত্ত রায়ে একটি জুডিসিয়াল সার্ভিস গঠন এবং উক্ত সার্ভিসে নিযুক্ত ব্যক্তিদের কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ এবং কর্মের অন্যান্য শর্তাবলি সম্পর্কে বিধান প্রণয়নের নির্দেশনা রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন:—

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ এবং কর্মের অন্যান্য শর্তাবলি) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি বা রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫ (৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business অনুযায়ী সার্ভিস প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়, বিভাগ বা প্রতিষ্ঠান;



মূল্য : টাকা ৮.০০

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ"অর্থ রাষ্ট্রপতি;

(ঘ) "সার্ভিস"অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস;

(ঙ) "সার্ভিসের পদ" অর্থ তফসিলে বর্ণিত কোনো পদ; এবং

(চ) "সার্ভিসের সদস্য" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কোনো সদস্য।

৩। **কর্মস্থল নির্ধারণ।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৬ অনুচ্ছেদ অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সার্ভিসের সদস্যদের কর্মস্থল নির্ধারণ করিবে।

(২) জুডিসিয়াল সার্ভিসের কোনো সদস্যের কোনো কর্মস্থলে একই পদে কর্মমেয়াদ সাধারণত ৩ (তিন) বৎসর এবং চৌকি আদালতে কর্মমেয়াদ সাধারণত ২ (দুই) বৎসর হইবে:

তবে শর্ত থাকে যে, উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সার্ভিসের কোনো সদস্যের কোনো কর্মস্থলে একই পদে কর্মমেয়াদ যুক্তিসঙ্গত কারণে হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

৪। **বিশেষ পদায়ন।**—(১) এই বিধিমালার তফসিলের দ্বিতীয় অংশে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পদে পদায়নের জন্য যোগ্যতার বিষয়ে আবশ্যক শর্ত যাহাই থাকুক না কেন, জনস্বার্থে আবশ্যক হইলে, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, উপযুক্ত কর্তৃপক্ষ সহকারী জজগণের মধ্য হইতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো সহকারী জজকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করা হইলে, তিনি সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেটের সকল দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন পদায়নকৃত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সিনিয়র সহকারী জজ পদে পদোন্নতিপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন না এবং উক্ত পদের আর্থিক সুবিধাদি প্রাপ্য হইবেন না।

(৩) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের পদে পদায়নের জন্য সিনিয়র সহকারী জজ এর সংখ্যা অপ্রতুল হইবার ক্ষেত্রেই কেবল এই বিধির বিধান, সাময়িক ব্যবস্থা হিসাবে, প্রয়োগ করা যাইবে।

৫। **সুপ্রীম কোর্ট, আইন ও বিচার বিভাগ এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে নিয়োগ।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের চাহিদা অনুযায়ী, উক্ত কোর্টে প্রয়োজনীয় সংখ্যক সার্ভিস সদস্যকে নিয়োগ বা বদলি করিবে।

(২) আইন ও বিচারর বিভাগ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সার্ভিস সদস্যগণকে আইন ও বিচার বিভাগ ও ইহার কার্যপরিধিতে বর্ণিত প্রতিষ্ঠান বা সংস্থায় নিয়োগ বা বদলি করিতে পারিবে।

(৩) আইন ও বিচার বিভাগ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সার্ভিস সদস্যগণকে অন্য কোনো মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের দপ্তরে সার্ভিস সদস্যদের জন্য সংরক্ষিত পদে নিয়োগ বা বদলি করিতে পারিবে।

(৪) এই বিধির অধীন পদায়নকৃত সার্ভিসের সদস্যগণকে তাহাদের জন্য প্রাপ্য সাধারণ বেতন-ভাতা ও সুবিধাদি অপেক্ষা কম বেতন-ভাতা ও সুবিধাদি প্রদান করা যাইবে না।

(৫) সুপ্রীম কোর্টের অনুমোদন বা সম্মতি গ্রহণক্রমে সার্ভিসের কোনো সদস্য এই বিধির অধীন নিযুক্ত থাকিলে সার্ভিসের অন্যান্য সদস্যের সহিত পারস্পরিক জ্যেষ্ঠতা বা পদোন্নতির সুযোগ ক্ষুণ্ন হইবে না।

৬। **পদোন্নতি।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সার্ভিসের কোনো সদস্যকে পদোন্নতি প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির পদোন্নতি সংক্রান্ত সুপারিশ যাচাই করিবার জন্য Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 মোতাবেক গঠিত General Administration Committee-এর সকল সদস্য বিচারপতি সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে এবং উক্ত বাছাই কমিটি সার্ভিসের কোনো সদস্যকে পদোন্নতির সুপারিশ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 এর বিধান অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৪) উপযুক্ত কর্তৃপক্ষ, সময় সময়, সার্ভিস সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতা সংবলিত গ্রেডেশন তালিকা প্রকাশ করিবে এবং এই তালিকায় প্রদর্শিত জ্যেষ্ঠতা সার্ভিসের সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের প্রাথমিক ভিত্তি হিসেবে বিবেচিত হইবে।

(৫) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা তফসিলের প্রথম অংশে উল্লেখকৃত কোনো পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা জনস্বার্থে শিথিলক্রমে সংশ্লিষ্ট পদে পদোন্নতি প্রদান করিতে পারিবে।

৭। **ছুটি।**—(১) সার্ভিসের সদস্যগণ ছুটি এবং আনুষঙ্গিক বিষয়ে পূর্ণাঙ্গ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারের প্রথম হইতে ষষ্ঠ গ্রেডের একজন কর্মচারী প্রচলিত বিধি-বিধান অনুসারে যেরূপ ছুটি ভোগ করিবার অধিকারী প্রয়োজনীয় অভিযোজনসহকারে সেইরূপ ছুটি ভোগ করিবার অধিকারী হইবেন:

তবে শর্ত থাকে যে, সুপ্রীম কোর্ট কর্তৃক নির্ধারিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবে।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, নৈমিত্তিক ছুটি ব্যতীত উপ-বিধি (১) উল্লিখিত ছুটি মঞ্জুর করিবে।

(৩) সুপ্রীম কোর্ট দেওয়ানি আদালতের অবকাশকালীন ছুটি যেরূপ মেয়াদ ও শর্তে নির্ধারণ করিবে সার্ভিসের সদস্যগণ উক্ত মেয়াদ ও শর্তে উহা ভোগ করিবার অধিকারী হইবেন।

(৪) সার্ভিসের সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কোনো বিচারক কোনো বৎসরে পূর্ণ অবকাশ প্রাপ্ত হলে উক্ত বিচারক সে বৎসরের কর্মকালের ১/২২ হারে গড় বেতনে ছুটি অর্জন করিবেন।

৮। **সার্ভিসের সদস্যগণের নিয়ন্ত্রণ।**—(১) সংবিধানের ১০৯, ১১৬, ১১৬ক অনুচ্ছেদ এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে,—

(ক) দেওয়ানি ও দায়রা আদালতে কর্মরত বিচারকগণ, লিগ্যাল এইড অফিসার এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের প্রশাসনিক বিষয়ে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;

(খ) মেট্রোপলিটন এলাকায় দায়রা বিভাগে কর্মরত বিচারকগণ এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের প্রশাসনিক বিষয়ে সংশ্লিষ্ট মহানগর দায়রা জজ স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;

(গ) জেলা ও দায়রা জজের সমপর্যায়ের বিচারক তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্যান্য সদস্যের প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;

(ঘ) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকায় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেসিতে কর্মরত ম্যাজিস্ট্রেটগণের প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত প্রশাসনিক বিষয়ে নিয়ন্ত্রণ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, সাধারণ বা বিশেষ নির্দেশনা জারি করিলে তাহা সংশ্লিষ্ট সকল সদস্যকে অনুসরণ করিতে হইবে।

(৩) সার্ভিসের সদস্যগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখনের বিষয়টি স্থানীয় প্রশাসনিক বিষয় বলিয়া গণ্য হইবে না এবং এতদসংক্রান্ত বিষয় নির্ধারণের একক এখতিয়ার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের থাকিবে।

৯। **কর্মের অন্যান্য শর্তাবলি।**—(১) সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলি নির্ধারণ করিয়া আলাদা বিধান প্রণীত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ, পেনশন, ভবিষ্য তহবিল এবং কর্মের অন্যান্য শর্তাবলির ক্ষেত্রে সরকারের প্রথম হইতে ষষ্ঠ গ্রেডের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান, সুবিধাদি প্রয়োজনীয় অভিযোজনসহকারে সার্ভিসের সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলি নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান সুযোগ-সুবিধার ব্যত্যয় ঘটাইয়া কোনো বিধান প্রণয়ন করা যাইবে না।

১০। **সুপ্রীম কোর্টের সহিত পরামর্শের কার্যকারিতা।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ এই বিধিমালা অনুযায়ী সার্ভিসের সদস্যগণের সম্পর্কে গৃহীত কার্যক্রমের বিষয়ে সুপ্রীম কোর্টের সহিত কার্যকর পরামর্শ করিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের প্রস্তাব ও সুপ্রীম কোর্টের পরামর্শ অভিন্ন না হইলে, সেইক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ প্রাধান্য পাইবে।

**১১। সংশোধন।**—সরকার, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শ করিয়া, এই বিধিমালার কোনো বিধান সংশোধন করিতে পারিবে।

**১২। রহিতকরণ ও হেফাজত।**—(১) এতদ্দ্বারা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত সকল কাজকর্ম, গৃহীত ব্যবস্থা বা প্রণীত আদেশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রণীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত করা হয় নাই।

**তফসিল**

**প্রথম অংশ**

[বিধি ২(ঙ) এবং ৬(৫) দ্রষ্টব্য]

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের বিভিন্ন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা

| ক্রমিক | পদের নাম | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের অন্যান্য পদ | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১৫ (পনের) বৎসরের কর্মের অভিজ্ঞতা |
| ২। | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের অন্যান্য পদ | যুগ্ম জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের কর্মের অভিজ্ঞতা |
| ৩। | যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদ | সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের অন্যান্য পদে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৭ (সাত) বৎসরের কর্মের অভিজ্ঞতা |
| ৪। | সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের অন্যান্য পদ | সহকারী জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | সহকারী জজ /সমপর্যায়ের অন্যান্য পদে মোট ৪ (চার) বৎসরের কর্মের অভিজ্ঞতা |
| ৫। | সহকারী জজ/ সমপর্যায়ের অন্যান্য পদ | সংবিধানের অনুচ্ছেদ ১১৫-এর অধীন প্রণীত বিধিমালা অনুসারে সরাসরি নিয়োগের মাধ্যমে | সংবিধানের অনুচ্ছেদ ১১৫-এর অধীন প্রণীত বিধিমালায় বিধৃত |

**দ্বিতীয় অংশ**

[বিধি ২(ঙ), ৩ এবং ৪ দ্রষ্টব্য]

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের বিভিন্ন পদে পদায়ন পদ্ধতি

| ক্রমিক | পদের নাম | পদায়ন পদ্ধতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট | অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে বদলির মাধ্যমে |
| ২। | অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট | যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে বদলির মাধ্যমে |
| ৩। | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট | সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে বদলির মাধ্যমে |
| ৪। | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | সহকারী জজ/সমপর্যায়ের অন্যান্য পদে কর্মরত সার্ভিস সদস্যদের মধ্য হইতে বদলির মাধ্যমে |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd